

# কম্বাইন্ড ডিগ্রির দাবিতে বাকৃবি শিক্ষার্থীদের ফের আলটিমেটাম

বাকৃবি প্রতিনিধি



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।

বিএসসি ইন ভেটেরিনারি সায়েন্স ও অ্যানিম্যাল হাসপেট্রি-এই  
দুই স্বতন্ত্র ডিগ্রিকে একীভূত করে কম্বাইন্ড ডিগ্রি দেওয়ার দাবিতে  
প্রশাসনকে ফের ২৪ ঘণ্টার আলটিমেটাম দিয়েছেন বাংলাদেশ  
কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) পশুপালন অনুষদ ও ভেটেরিনারি  
সায়েন্স অনুষদের শিক্ষার্থীরা।

২৪ ঘণ্টার মধ্যে কার্যকর রোডম্যাপ প্রকাশ না করা হলে  
প্রশাসনিক ভবনসহ বিশ্ববিদ্যালয়ের সব ফার্মে অনিদিষ্টকালের  
জন্য তালা ঝুলিয়ে দেওয়া হবে বলে পশুপালন অনুষদ ও  
ভেটেরিনারি সায়েন্স অনুষদের যৌথ বিবৃতিতে বলা হয়েছে।

আজ সোমবার (১১ আগস্ট) দুপুর ১২টায় কম্বাইন্ড ডিগ্রির দাবিতে  
প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন  
পশুপালন অনুষদের শিক্ষার্থীরা। এক পর্যায়ে দুই অনুষদের

শিক্ষার্থীরা যৌথ বিবৃতি দেন। বিবৃতিতে বলা হয়, এক সপ্তাহ ধরে  
শিক্ষার্থীরা ডিনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসেছেন,  
তবে কার্যকর কোনো সমাধান পাননি।

তাই আগামী ২৪ ঘণ্টার মধ্যে কম্বাইন্ড ডিগ্রি প্রণয়নের জন্য  
কোনো কার্যকর রোডম্যাপ দেখানো না হলে প্রশাসনিক ভবনসহ  
বিশ্ববিদ্যালয়ের ফার্মসমূহে অনিদিষ্টকালের জন্য তালা ঝুলিয়ে  
দেওয়া হবে।

গত ২৮ জুলাই থেকে কম্বাইন্ড ডিগ্রির দাবিতে আন্দোলন শুরু  
করেন বাকুবির পশ্চালন অনুষদের শিক্ষার্থীরা। পরে এতে  
একাত্মতা প্রকাশ করে আন্দোলনে যোগ দেন ভেটেরিনারি  
অনুষদের শিক্ষার্থীরা।